



# সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন স্বায়ত্তশাসিত সংস্থা

An autonomous organization under the Financial Institutions Division, Ministry of Finance

স্মারক নং-এসডিএফ/আরইএলআই/এইচআর/কুম/ডিপি-২০২৪(১)/২৪৭৯

তারিখ: ০১/০৮/২০২৪

আশরাফুল আলম ফকির

আইডি নং: ৩৯৩৫

জেলা কর্মকর্তা (লাইভলিহ্বড়)

জেলা কার্যালয়, চাঁদপুর।

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

সূত্র: তদন্ত প্রতিবেদন, তারিখ: ২৫/০৬/২০২৪;

যেহেতু, আপনি জনাব আশরাফুল আলম ফকির একটি দায়িত্বশীল পদে কর্মরত থেকে দাঙ্গরিক কাজে ইচ্ছাকৃত অবহেলা, গাফিলতি ও উর্ধ্বর্তনের আদেশ অমান্য করেন, আপনার এহেন অসৌজন্যমূলক আচরণ কোনভাবেই কাম্য নয়;

যেহেতু, আপনি প্রায়শই নিজের ও মায়ের অসুস্থতার অজুহাত দেখিয়ে মাঠ পরিদর্শন এবং দাঙ্গরিক কাজ করতে অনিহা প্রকাশ করেন যা পেশাদারসূলভ আচরণ নয়;

যেহেতু, আপনি উর্ধ্বর্তনের নির্দেশনার প্রতি অবজ্ঞা প্রদর্শন করে প্রয়োজনের অতিরিক্ত ছুটি কাটান, অফিসের গাড়ি ছাড়া মাঠ পরিদর্শনে যেতে অপারগতা প্রকাশ করেন, প্রকল্পের ডিজাইন মোতাবেক আপনার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করেন না যা চাকরিবিধির পরিপন্থি এবং কর্তৃপক্ষকে অবজ্ঞার শামিল;

যেহেতু, আপনার বিরুদ্ধে একাধিক অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত কারণ দর্শানোর নোটিশের বিপরীতে আপনার জবাবে ভবিষ্যতে এ ধরণের ভুল আর হবে না মর্মে লিখিত অঙ্গীকার করলেও আপনার কাজের কোন প্রকার উন্নতিপূর্ণ পরিলক্ষিত হয়নি, যা অফিস শৃংখলা ভঙ্গের শামিল;

যেহেতু, আপনার এহেন অপেশাদারসূলভ উন্নত্যপূর্ণ আচরণ, অফিস শৃংখলা ভঙ্গ, সংস্থার ভাবমূর্তি ক্ষুণ্ণ করা ইত্যাদি এসডিএফ-এর HR Policy and Manual - অনুযায়ী চাকরী হতে বরখাস্তকরণসহ শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, এসডিএফ-এর HR Policy and Manual - অনুযায়ী কেন আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ আগামী ১৪/০৮/২০২৪ তারিখের মধ্যে লিখিতভাবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায়, আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক একতরফা ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ নোটিশ জারী করা হলো।

*Rahman*  
02-08-28

এস. এম. তওফিকুর রহমান

মহাব্যবস্থাপক (ভারপ্রাণ), মানব সম্পদ

*প্রতিশ্রুতি*

অনুলিপি: (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

- (১) ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।
- (২) আঞ্চলিক পরিচালক (ভারপ্রাণ), এসডিএফ, কুমিল্লা। যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- (৩) জেলা ব্যবস্থাপক, এসডিএফ, চাঁদপুর।
- (৪) ব্যক্তিগত নথি।